

স্মারক নং: ৩৭.২০.০০০০.০০১.১৮.১০১.১৭/৪৪৬৫

তারিখ: ০৯ কার্তিক ১৪২৮
২৫ অক্টোবর ২০২১

নিয়োগ পত্র

বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)-এর বিভাগীয় পদোন্নতি/নির্বাচন কমিটির সিদ্ধান্তের আলোকে এবং মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ২১/০৯/২০২১ তারিখের ৪৮.০০.০০০০.০০২.১১.৬৪.২১/১২৯ সংখ্যক স্মারক ও শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের ০৭/১০/২০২১ তারিখের ৩৭.২০.০০০০.০৬১.৯৯.০১০.১৮.৫১৭ সংখ্যক স্মারক মোতাবেক নিম্নোক্ত প্রার্থীগণকে মুক্তিযোদ্ধা কোটায় প্রত্যয়নের আলোকে ব্যানবেইস এর রাজস্বখাতভুক্ত “কম্পিউটার অপারেটর” পদে জাতীয় বেতনস্কেল ২০১৫ এর টা: ১১০০০-২৬৫৯০/- (গ্রেড-১৩) এ শর্ত সাপেক্ষে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিয়োগ প্রদান করা হলো:

ক্রমিক	রোল নং	আবেদনকারীর নাম	পিতা ও মাতার নাম	স্থায়ী ঠিকানা
১	CO00073	মোঃ ইকবাল হোসেন	পিতা: আঃ মল্লান হাওলাদার মাতা: কহিনুর বেগম	গ্রাম: দাউদপুর, ডাকঘর: উদয়কাঠী উপজেলা: পিরোজপুর সদর, জেলা: পিরোজপুর।
২	CO00193	শুভাগত দাস	পিতা: বিনয় ভূষণ দাস মাতা: নেতী রানী দাস	গ্রাম: উত্তর চর ঈশ্বর রায়, ডাকঘর: দাসের হাট উপজেলা: হাতিয়া, জেলা: নোয়াখালী।
৩	CO00758	মোঃ ফজলে বারী	পিতা: মোঃ আবুল বাসার মাতা: ফরিদা বেগম	গ্রাম/মহল্লা: রামচন্দ্রপুর, ডাকঘর: ঘোড়ামারা, উপজেলা/থানা: বোয়ালিয়া, জেলা: রাজশাহী।
৪	CO00213	মোঃ মেহেদী আরেফিন	পিতা: মোঃ আব্দুল কাদের মিয়া মাতা: আউলিয়া বেগম	গ্রাম: মাতুয়াইল দক্ষিণ পাড়া, ডাকঘর: মাতুয়াইল, উপজেলা/থানা: যাত্রাবাড়ি, জেলা: ঢাকা।

শর্তাবলী:

- আগামী ০১ নভেম্বর ২০২১ হতে ০৪ নভেম্বর ২০২১ তারিখের মধ্যে মহাপরিচালক, ব্যানবেইস বরাবর লিখিত যোগদানপত্রের মাধ্যমে যোগদান করতে হবে এবং যোগদানের তারিখ থেকে এ নিয়োগ কার্যকর হবে।
- যোগদানের সময় সংশ্লিষ্ট সকল সনদপত্র এবং এ নিয়োগপত্রের মূলকপি প্রদর্শনপূর্বক যোগদানপত্র দাখিল করতে হবে।
- মেধাক্রম অনুযায়ী চাকুরিতে তাঁর জ্যেষ্ঠতা নির্ধারিত হবে।
- এ নিয়োগ সম্পূর্ণ অস্থায়ী এবং সরকারি বিধিবিধান অনুসরণপূর্বক চাকুরি স্থায়ী করা হবে।
- চাকুরিতে যোগদানের সময় সংশ্লিষ্ট জেলার সিভিল সার্জন কর্তৃক প্রদত্ত স্বাস্থ্যগত উপযুক্ততার সনদ দাখিল করতে হবে।
- চাকুরিতে যোগদানের পর পুলিশি তদন্ত কাজ সম্পন্ন করা হবে। যোগদানের সময় পুলিশ ভেরিফিকেশন ফরম পূরণ করে দাখিল করতে হবে।
- প্রার্থীর কোন তথ্য ও সনদপত্র ভূয়া/মিথ্যা/জালিয়াতি প্রমাণিত হলে এবং পুলিশি তদন্তে সন্তোষজনক প্রতিবেদন পাওয়া না গেলে এ নিয়োগ সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- যোগদানের তারিখ হইতে ২ (দুই) বছর পর্যন্ত শিক্ষানবিশকাল হিসাবে গণ্য হবে। সন্তোষজনক শিক্ষানবিশকাল শেষে সরকারী বিধি-বিধান অনুসরণপূর্বক চাকুরীতে স্থায়ী করা হবে।
- নিয়োগপত্রে সুনির্দিষ্টভাবে উল্লেখ হয়নি এরূপ বিষয় প্রচলিত আইন, বিধি এবং সরকার কর্তৃক প্রদত্ত আদেশ/নির্দেশ দ্বারা নিয়ন্ত্রিত হবে।
- নির্ধারিত তারিখের মধ্যে যোগদানে ব্যর্থ হলে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।
- চাকুরিতে যোগদানের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রাপ্য হবেন না।
- কোন কারণ দর্শানো ব্যতীত এ নিয়োগ যে কোন সময় বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

স্বাক্ষরিত/-

(হাবিবুর রহমান)

মহাপরিচালক

ফোন: ৯৬৬৫৪৫৭


ই-মেইল: dg@banbeis.gov.bd

স্মারক নং: ৩৭.২০.০০০০.০০১.১৮.১০১.১৭/৪৪৬৫/১(১০)

তারিখ: ০৯ কার্তিক ১৪২৮
২৫ অক্টোবর ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

- (১) সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- (২) জেলা প্রশাসক, জেলা।
- (৩) সিভিল সার্জন, জেলা।
- (৪) পুলিশ সুপার, জেলা।
- (৫) চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন, ঢাকা।
- (৬) প্রোগ্রামার, ব্যানবেইস, ঢাকা (নিয়োগপত্রটি জরুরি ভিত্তিতে ব্যানবেইস এর ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- (৭) পরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, ব্যানবেইস, ঢাকা (পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- (৮) জনাব-----
- (৯) হিসাব শাখা, ব্যানবেইস, ঢাকা।
- (১০) সংশ্লিষ্ট নথি।


(হাবিবুর রহমান)

মহাপরিচালক

ফোন: ৯৬৬৫৪৫৭

ই-মেইল: dg@banbeis.gov.bd